

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪০৯৪

ধর্মনগর, ৭ ডিসেম্বর, ২০২৩

বিকশিত ভারত সংকল্প যাত্রা
কালাহুড়া ব্লকভিত্তিক বিকাশ মেলা

বিকশিত ভারত সংকল্প যাত্রা ও প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানে আজ কালাহুড়া ব্লকভিত্তিক বিকাশ মেলা অনুষ্ঠিত হয়। উত্তর ত্রিপুরা জেলার কালাহুড়া ব্লকের গোবিন্দপুর গ্রাম পঞ্চায়েতের গোবিন্দপুর উচ্চবুনিয়াদি বিদ্যালয়ের মাঠে এই ব্লকভিত্তিক বিকাশ মেলার আয়োজন করা হয়। বিকাশ মেলার উদ্বোধন করেন বিধায়ক যাদবলাল নাথ। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাপতি ভবতোষ দাস, কালাহুড়া পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান টিংকু শর্মা, কালাহুড়া পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান প্রাণেশ রায়, কালাহুড়া ব্লকের বিডিও অমিত চন্দ, অতিরিক্ত বিডিও নারায়ণ দেবনাথ, ধর্মনগর মহকুমার মহকুমা শাসক কার্যালয়ের ডেপুটি কালেক্টর কর্ণরাম রিয়াং, ডেপুটি কালেক্টর অমর চন্দ বিশ্বাস প্রমুখ।

ব্লকভিত্তিক বিকাশ মেলায় মৎস্য, প্রাণীসম্পদ বিকাশ, পূর্ত, স্বাস্থ্য ইত্যাদি বিভিন্ন দপ্তরের উদ্যোগে স্টল খোলা হয় ও জনসাধারণকে বিভিন্ন প্রকল্পের সুবিধা প্রদান করা হয়। ধর্মনগর মহকুমা প্রশাসনের পক্ষ থেকে বিকাশ মেলায় পিআরটিসি, ইনকাম সার্টিফিকেট ইত্যাদি প্রদান করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখতে গিয়ে ব্লকের বিডিও অমিত চন্দ জানান, ব্লকভিত্তিক এই বিকাশ মেলা ছাড়াও ব্লক এলাকার বিভিন্ন গ্রাম পঞ্চায়েতে ক্লাস্টার ওয়াইজ মোট ৭টি শিবির করা হয়েছে। এই শিবিরগুলিতে প্রায় ৭ হাজার মানুষ বিভিন্ন সরকারি প্রকল্পের সুবিধা ও বিভিন্ন পরিষেবা পেয়েছেন।
